**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 25-01-2026** **Desk in Charge : SDG**

**Time: 1.40 P.M.** **Compiling : Saibal B./ Suvra C.**

**DEO:- KB** **NRT : Suvra C.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ–

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীর ‘মন কি বাত’ অনুষ্ঠানে সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে সংবিধান প্রণেতাদের প্রতি সশ্রদ্ধ প্রণাম জানিয়েছেন।

২/ ‘জাতীয় ভোটার দিবস’-এ প্রধানমন্ত্রী, প্রথম ভোটারদের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, ১৮ বছর হলেই সবাই যেন নিজেদের নাম অবশ্যই তালিকায় নথিভুক্ত করেন।

৩/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সারা দেশের সঙ্গে এরাজ্যেও ষোড়শ ‘জাতীয় ভোটার দিবস’ পালিত হচ্ছে।

৪/ ৭৭-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় আজ রাষ্ট্রপতি জাতির উদ্দেশে ভাষণ দেবেন। #এরাজ্য থেকে অসামান্য কাজের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রপতি পুরস্কার পাচ্ছেন পুলিশের ডেপুটি কমিশনার দেবব্রত সরকার এবং ডিএসপি রামকুমার মন্ডল।

৫/ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে বাংলা আজ রাজস্থানের মুখোমুখি হবে।

**************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৩০-তম 'মন কি বাত' অনুষ্ঠানে আজ প্রথমেই সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে, সংবিধান প্রণেতাদের সশ্রদ্ধ প্রণাম জানিয়েছেন।

( বাইট- সংবিধান )

আজ ২৫ শে জানুয়ারি, জাতীয় ভোটার দিবসে তিনি প্রথমবারের ভোটারদের শুভেচ্ছা জানান। প্রধানমন্ত্রী তরুণদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, ১৮ বছর হলেই তারা যেন অতি অবশ্যই ভোটার হিসাবে নিজেদের নাম নথিভুক্ত করেন। ভোটারাধিকার পাওয়া যেকোনো ভারতবাসীর জীবনে এক বড় মাইলফলক। তাই এর জন্য উৎসব পালন করা উচিত।

( বাইট- নতুন ভোটার )

এদিন তিনি সকল স্তরের ভোটকর্মীদের প্রশংসা করে বলেন, গণতন্ত্রকে সজীব রাখার জন্য বুনিয়াদি স্তরে যারা কাজ করেন, তাঁরা যথেষ্ট উল্লেখযোগ্য ভূমিকা পালন করছেন। শ্রী মোদী আজ ভারতের স্টার্টআপ সংস্থাগুলির উল্লেখযোগ্য অবদানের কথা স্মরণ করেছেন। তাঁর মতে ভারতে আজ বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ বাস্তুতন্ত্র গড়ে উঠেছে। এইসব স্টার্টআপগুলির অভিনব।

**************************

প্রধানমন্ত্রী আরও বলেন, এদেশের ভজন এবং কীর্তন বহুযুগ ধরে আমাদের সংস্কৃতির প্রাণস্বরূপ। আজকের যুবশক্তি ভক্তিকে নিজেদের অনুভূতি এবং জীবনধারায় সম্মিলিত করার ফলে দেশে এক নতুন সংস্কৃতি গড়ে উঠেছে।

( বাইট- ভজন )

প্রধানমন্ত্রী বলেছেন, ভারতীয় সংস্কৃতি ও উৎসব সারা পৃথিবীতে জায়গা করে নিয়েছে। সাংস্কৃতিক বহুত্ববাদকে ধরে রাখতে বিভিন্ন দেশে ভারতীয় বংশোদ্ভূতদের প্রভূত যোগদান রয়েছে। এই প্রসঙ্গে তিনি মালয়েশিয়ায় MALAYESHIYA INDIA HERITAGE SOCIETY-র হেরিটেজ ওয়াকের উল্লেখ করেন। গতমাসে সেখানে লাল পাড় শাড়ি পরে আইকনিক ওয়াকের কথাও প্রধানমন্ত্রী আজ তুলে ধরেছেন।

( বাইট- লাল পাড় শাড়ী )

শ্রী মোদী মনে করেন, ভারতের পরিবার ব্যবস্থা এবং সামাজিক শক্তি একযোগে মিলিত হয়ে অনেক বড় বড় চ্যালেঞ্জের মোকাবিলা করতে সক্ষম। নিঃস্বার্থ সমাজ সেবার উদাহরণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী আজ পশ্চিমবঙ্গে পূর্ব মেদিনীপুরের ফরিদপুর গ্রামের **বিবেকানন্দ লোক শিক্ষা নিকেতন** সংস্থাটির কথা উল্লেখ করে জানান, এই সংস্থা গুরুকুল পদ্ধতিতে শিক্ষাদানের পাশাপাশি শিশু ও প্রবীণদের দেখাশুনা করারও দায়িত্ব নিয়েছে।

( বাইট- WB গুরুকূল )

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ‘মন কি বাত’-এর ১৩০তম পর্ব উপলক্ষ্যে আজ মুর্শিদাবাদের ফারাক্কায় স্থানীয় বিজেপি কর্মী ও সাধারণ মানুষের সঙ্গে বসে প্রধানমন্ত্রীর বক্তব্য শোনেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপি নেতা সুকান্ত মজুমদার। রবিবার ফারাক্কা ব্লকের বেওয়া ১ নম্বর পঞ্চায়েতের অন্তর্গত পলাশী এলাকার একটি কমিউনিটি হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে রাজ্য সরকারের কড়া সমালোচনা করেন সুকান্ত মজুমদার।

এদিন পলাশী এলাকার এই অনুষ্ঠানে স্থানীয় বিজেপি নেতৃত্বের পাশাপাশি সাধারণ মানুষের ভিড় ছিল চোখে পড়ার মতো।

*************************

দেশজুড়ে আজ বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে ‘জাতীয় ভোটার দিবস’ পালিত হচ্ছে। নতুন দিল্লিতে নির্বাচন কমিশন আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। নতুন ভোটারদের হাতে তিনি ভোটার পরিচয়পত্র তুলে দেবেন। এবারের ভোটার দিবসের মূল ভাবনা “মাই ইন্ডিয়া, মাই ভোট” এবং স্লোগান “সিটিজেন অ্যাট দ্য হার্ট অফ ইন্ডিয়ান ডেমোক্রেসি”। রাজ্যস্তরে মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে। সেখানে SIR কাজে উল্লেখযোগ্য ভূমিকা পালনের জন্য প্রতিটি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত BLO-দের পুরস্কৃত করা হবে।

এই উপলক্ষ্যে আজ বর্ধমানে, কেন্দ্রীয় সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রকের অধীন মাই ভারতের উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংস্থা স্টার্ট আপ ফাউন্ডেশনের সহজগিতায় বর্ধমান স্টেশন থেকে বর্ধমান কোর্ট কম্পাউন্ড পর্যন্ত পদযাত্রার আয়োজন করা হয়। জেলার বিভিন্ন জায়গা থেকে এই পদযাত্রায় পা মেলান উৎসাহী নবীন ভোটার, যুবক যুবতী এবং স্কুল পড়ুয়ারাও।

*************************

আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ, ২০২৫ সালে ভোটদাতাদের সচেতন করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসেবে সেরা রেডিও সম্প্রচারকের পুরস্কার পেয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে জাতীয় ভোটার দিবস উদযাপন অনুষ্ঠানে এই পুরস্কার তুলে দেন।

*************************

সুপ্রিম কোর্টের নির্দেশ মত ভারতের নির্বাচন কমিশন, এসআইআর প্রক্রিয়ায় লজিকাল ডিসক্রিপেন্সি বা যুক্তিগ্রাহ্য অসঙ্গতির তালিকা তাদের ওয়েবসাইটে প্রকাশ করেছে। জেলা নির্বাচনী আধিকারিক ইআরও এবং বিএলও-রা সেখান থেকে প্রিন্টআউট নিতে পারবেন। এই তালিকা ঝোলানো থাকবে পঞ্চায়েত ভবন এবং ব্লক অফিসগুলিতে। গত ১৯ তারিখ সুপ্রিম কোর্ট নির্বাচন কমিশনকে লজিকাল ডিসক্রিপেন্সির তালিকায় থাকা ভোটারদের নাম যথাযথভাবে জানাতে নির্দেশ দিয়েছিল। এক কোটি ২৫ লক্ষ ভোটারের নাম এই তালিকায় রয়েছে বলে শীর্ষ আদালতে দেওয়া তথ্যে উঠে আসে।

*************************

৭৭-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন। আকাশবাণীর সবকটি প্রচার তরঙ্গ সন্ধ্যে ৭টা থেকে সেই ভাষণ সম্প্রচার করবে। রাত সাড়ে ৯টায় রাষ্ট্রপতির ভাষনের বাংলা তর্জমা প্রচারিত হবে।

রাষ্ট্রপতির ভাষণের কারণে আজ সন্ধ্যে ৭টা ৩৫ মিনিটের বাংলা সংবাদ ও রাত ৮টা দশের খেলার খবর বাতিল করা হয়েছে। আজ ও আগামীকাল (২৬ তারিখ) মৈত্রী

প্রচার তরঙ্গে রাত সোয়া ৯ টার বিশ্ব পরিক্রমা ১৫ মিনিটের হবে। এফ এম রেইনবোর আজকের সন্ধ্যে ৭টার ২ মিনিটের সংবাদ হেডলাইন হবে না। আগামীকাল ২৬ শে জানুয়ারি সকাল ১০টা এবং বেলা ১১টার হেডলাইনও বাতিল থাকছে।

দিল্লি থেকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের ধারা বিবরনী বেলা ১২টার পরেও চললে ১২টার হেডলাইন বাতিল হবে। পাশাপাশি সাধারণতন্ত্র দিবসে সকাল ১০ টা ১০ মিনিটের সঞ্চয়িতা থেকে প্রচারিত স্থানীয় সংবাদ বাতিল থাকবে এবং আজ দিল্লি থেকে আকাশবাণীর পডকাস্ট প্রচারিত হলে রাত ৯টার এফ এম রেইনবোর হেডলাইন সম্প্রচারিত হবে না।

************************

এরাজ্য থেকে অসামান্য সেবার জন্য রাষ্ট্রপতি পুরস্কার পাচ্ছেন পুলিশের ডেপুটি কমিশনার দেবব্রত সরকার এবং ডিএসপি রামকুমার মন্ডল। উল্লেখযোগ্য অবদানের জন্য রাষ্ট্রপতি পদক পাচ্ছেন পুলিশ কমিশনার মুরলীধর, ডিআইজি সৈয়দ ওয়াকার রাজা, ডেপুটি কমিশনার নীমা নুরবু ভুটিয়া সহ ২০ জন আধিকারিক ও পুলিশকর্মী।

************************

রাজ্য পুলিশের পরবর্তী মহানির্দেশক নিয়োগের জন্য ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের কাছে আট জন IPS আধিকারিকের নাম প্রস্তাব করেছে রাজ্য সরকার। UPSC-কে পাঠানো তালিকায় IPS আধিকারিক দেবাশীষ রায়, অনুজ শর্মা, জগমোহন, এন রমেশবাবু, রণবীর কুমার, সিদ্ধিনাথ গুপ্ত, রাজেশ কুমার ছাড়াও বর্তমান ভারপ্রাপ্ত ডিজি রাজীব কুমারের নাম রয়েছে।

উল্লেখ্য এর আগে ২০২৩ সালে ডিসেম্বর মাসে মনোজ মালব্য অবসর নেওয়ার পরে রাজীব কুমারকে অস্থায়ীভাবে দায়িত্ব দেওয়া হয়। আগামী ৩১ শে জানুয়ারি অবসর নেবেন তিনি।

************************

নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগে কোচবিহারের মেখলিগঞ্জের জামালদহ গতসন্ধ্যায় উত্তপ্ত হয়ে ওঠে। অভিযুক্তের শাস্তির দাবিতে বিক্ষোভ দেখাতে শুরু করেন স্থানীয় বাসিন্দারা। রাজ্য সড়কের ওপর টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করা হয়। পরিস্থিতি সামাল দিতে গেলে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষ বাধে। ছোঁড়া পাথরের আঘাতে এক পুলিশ আধিকারিক আহত হয়েছেন। এরপরই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে লাঠিচার্জ করে পুলিশ। কয়েকজন বিক্ষোভকারীকে আটক করা হয়েছে বলেও খবর।

উল্লেখ্য গত-বৃহস্পতিবার এলাকারই এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ ওঠে স্থানীয় বাসিন্দা বছর ৬৩-র এনামূল হকের বিরুদ্ধে। এদিন সকাল থেকেই এলাকায় বন্ধ রয়েছে দোকানপাঠ। বাজারে টহল দিচ্ছে পুলিশ।

************************

শিয়ালদহ দক্ষিণ এবং উত্তর শাখার মধ্যে সংযোগকারী পথে ইস্পাতের সেতুর গার্ডার বদলের কাজের জন্য ওই দুই শাখায় আজ রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ রয়েছে। এই কাজের জন্য প্রায় ১৫টি লোকাল ট্রেন বাতিল ছাড়াও বেশ কিছু ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া অথবা সংক্ষিপ্ত করা হচ্ছে।

অন্যদিকে, জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আজ আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রয়েছে। ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত ১৬ ঘন্টা এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকছে।

************************

ভোর ও রাতের দিকে শীত অনুভূত হলেও সারাদিন সূর্যের তাপ থাকায় মাঘ মাসের প্রথম অর্ধেই গরম অনুভূত হতে শুরু করেছে। উর্ধ্বমুখী তাপমাত্রার পারদও। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ১ দশমিক ৩ ডিগ্রি বেশি।

************************

জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে গ্রূপ লিগের তৃতীয় ম্যাচে বাংলা, আজ রাজস্থানের বিরুদ্ধে খেলবে। অসমের ডিব্রুগড়ের ঢাকুয়াখানা স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়। আগের ম্যাচে বাংলা, উত্তরাখণ্ডকে ১-০ গোলে হারিয়ে দেয়।

******************************************************************